দৈনিক সংবাদ
তারিখ 10 FEB 1987
পৃষ্ঠা ৬

# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## স্নাতকোত্তর পূর্বভাগে

# ভর্তি বিজ্ঞপ্তি

**শিক্ষাবর্ষ-১৯৮৫-৮৬**

**ভর্তি বর্ষ-১৯৮৬-৮৭**

ডকুমেন্টেশন
নং ... ৯
10 FEB 1986

তারিখ : ৪-২-৮৭

কলা, বিজ্ঞান, বাণিজ্য, সামাজিক বিজ্ঞান, জীব ও ভূ-বিদ্যা অনুষদে স্নাতকোত্তর পূর্বভাগে ছাত্রীছাত্রী ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। ১৯৮৩, ১৯৮৪ ও ১৯৮৫ সালের স্নাতক পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই ভর্তির জন্য আবেদনপত্র পেশ করতে পারবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতায় নিয়োজিত ভর্তি ইচ্ছুক প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত পাসের বছরের নিয়মের যে বাধা তা প্রযোজ্য হবে না। নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা থাকলে সংশ্লিষ্ট বিভাগে আবেদন করা যাবে।

শিক্ষাগত যোগ্যতা :

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) পরীক্ষায় যে কোন একটিতে কমপক্ষে ২য় বিভাগ এবং ভর্তি বিষয়ে অথবা ভর্তির বিষয় স্নাতক পর্যায়ে না থাকলে স্নাতক পর্যায়ে পঠিত সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (পাস) পরীক্ষায় কমপক্ষে ৪০ ভাগ নম্বর পেলে ভর্তির জন্য আবেদনপত্র পেশ করা যাবে।

খেলোয়াড় ও শিল্পীদের জন্য মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক (পাস) পরীক্ষায় যে কোন একটিতে কমপক্ষে ২য় বিভাগ হলে খেলোয়াড়রা শরীরচর্চা বিভাগে এবং শিল্পীরা ছাত্র-উপদেষ্টা দপ্তরে ভর্তির জন্য আবেদনপত্র পেশ করতে পারবে। এই শিথিলতা কর্মচারীদের পুত্র-কন্যা। উপজাতি।আদিবাসীদের ভর্তির ক্ষেত্রেও প্রযোজ্য হবে। উপজাতি।আদিবাসী।কর্মচারী পুত্র কন্যা সংশ্লিষ্ট বিভাগে আবেদন পেশ করবে।

ভর্তি পরীক্ষার ফি বাবদ রাজশাহী বিশ্ববিদ্যালয় রেজিষ্ট্রার বরাবর ক্রসড ব্যাংক ড্রাফটে অথবা রাজশাহী বিশ্ববিদ্যালয় অগ্রণী ব্যাংকের বিবিধ রশিদ মারফত প্রতি বিভাগের জন্য ২০।- (কুড়ি) টাকা জমা দিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর।ছাত্র-উপদেষ্টা দপ্তর।শরীরচর্চা বিভাগ থেকে ভর্তি পরীক্ষার আবেদনপত্র নিতে হবে। ভর্তি পরীক্ষার আবেদনপত্র সংশ্লিষ্ট দপ্তরে জমা দেবার শেষ তারিখ বৃহস্পতিবার ১৯শে ফেব্রুয়ারী '৮৭।

আবেদনপত্রের সাথে বিশ্ববিদ্যালয় শিক্ষক, কলেজ অধ্যক্ষ অথবা সরকারী গেজেটেড কর্মকর্তার সত্যায়িত নিম্নলিখিত দলিলাদির অবিকল প্রতিলিপি জমা দিতে হবে। নির্বাচিত হলে ভর্তির সময় এই সব মূল দলিলাদি পরীক্ষা নিরীক্ষার জন্য অবশ্যই একাডেমিক সেকশনে দেখাতে হবে; নচেৎ ভর্তি করা হবে না।

১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সার্টিফিকেট।
২। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ প্রদত্ত স্নাতক পরীক্ষা পাস এবং সৎ স্বভাব সম্পর্কিত প্রমাণপত্র।
৩। স্নাতক পরীক্ষায় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত নম্বরপত্র।
৪। পাসপোর্ট সাইজ ২ কপি সত্যায়িত ফটো।

চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ভর্তির শেষ তারিখ :

জরিমানা ছাড়া : ১লা মার্চ ১৯৮৭
পাঁচ টাকা জরিমানা সহ : ১০ই মার্চ ১৯৮৭
ক্লাস শুরু : ১লা মার্চ ১৯৮৭

যে সব অধিভুক্ত কলেজে স্নাতকোত্তর পূর্বভাগ পড়ানো হচ্ছে উক্ত ভর্তি যোগ্যতা ভর্তি ও ক্লাস শুরুর তারিখ সেখানেও প্রযোজ্য হবে। ছাত্রাছাত্রী কর্তৃক ভর্তির সময়ে দেয় তথ্যাদি মিথ্যা অথবা জাল প্রমাণিত হলে সেই ভর্তি বাতিল করা হবে।

বিশ্ববিদ্যালয় বিভাগসমূহে স্নাতকোত্তর পূর্বভাগে ভর্তি পরীক্ষা নিম্ন সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

| তারিখ | সকাল ৯টা থেকে ১১টা | দুপুর ১২টা থেকে ২টা | বিকাল ৩টা থেকে ৫টা |
|---|---|---|---|
| ২২-২-৮৭ | ১। আরবী<br>২। মার্কেটিং | ১। সমাজ বিজ্ঞান | ১। রসায়ন<br>২। হিসাব বিজ্ঞান<br>৩। ইতিহাস |
| ২৩-২-৮৭ | ১। রাষ্ট্রবিজ্ঞান<br>২। প্রাণিবিদ্যা<br>৩। ফাইন্যান্স ও ব্যাংকিং | ১। অর্থনীতি | ১। সমাজকর্ম<br>২। ফলিত রসায়ন |
| ২৪-২-৮৭ | ১। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>২। গণিত | ১। বাংলা<br>২। ব্যবস্থাপনা | ১। দর্শন<br>২। উদ্ভিদ বিজ্ঞান<br>৩। পরিসংখ্যান |
| [illegible]-২-৮৭ | ১। ইংরাজী<br>২। পদার্থ বিজ্ঞান | ১। ভূগোল | ১। মনোবিজ্ঞান |

[illegible] বদনকারী ছাত্র-ছাত্রীকে অবশ্যই নিজ দায়িত্বে সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তি পরীক্ষাসহ অন্যান্য বিষয় জেনে নিতে হবে।